মন্ত্রিপরিষদ বিভাগের অক্টোবর ২০১৭ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**
প্রতিবেদনাধীন মাসের নাম: **অক্টোবর ২০১৭**

প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **২০ নভেম্বর ২০১৭**

(১) প্রশাসনিক :

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৩২৭	২২৬	১১১
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,২৭৪	৮৭৯	২৫২
মোট	**১,৬০১**	**১,১০৫**	**৩৬৩**

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	২৪	২৬	২৯	৩১	১১১
দুর্নীতি দমন কমিশন	-	-	৫৫	৩৭	১৫৭	০৩	২৫২*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	০১	০১	০৩	-	০৩	-
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই ।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১৩-১৫ ও ১৮ অক্টোবর ২০১৭ তারিখ কক্সবাজার জেলা সফর করেন। মোট চার দিন।		-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয় ।
(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয় ।
(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	**বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)**	**প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ(কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার**	**প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা**	**প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ**	মন্তব্য
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**
Building Capacity for the Use of Research Evidence (BCURE)	ডিপিএ: ৩.৩৮ জিওবি: ০.০২	১.৭০ (৫০.৩০ শতাংশ)	-	-	-
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১০.৭৯ জিওবি: ০.৩৩	১.৪৩ (১৩.২৫ শতাংশ)	-	-	-
Technical Support for CRVS System Improvement in Bangladesh	ডিপিএ: ১.৮০	০.১৬৪ (৯.১২ শতাংশ)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	**অডিট আপত্তির সংখ্যা**	**টাকার পরিমাণ (লক্ষ টাকায়)**	**ব্রডশিটে জবাবের সংখ্যা**	**নিষ্পত্তির সংখ্যা**	**জের**	**মন্তব্য**
মন্ত্রিপরিষদ বিভাগ	৭টি	০.২৩	-	-	৭টি	মন্ত্রিপরিষদ বিভাগে বর্তমানে কোন অডিট আপত্তি নেই। তবে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৪টি	২৩৯.০৭	-	-	১৪টি	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ , ২০১৫ অনুযায়ী আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	**২৫টি**	**৯৩৯.৩০**	**০৪**	**১**	**২৫টি**	**-**

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দন্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০২	-	-	-	-	০২	-
দুর্নীতি দমন কমিশন-২১	-	-	২	৬	১৩	৮
মোট ২২	০	০	০২	০৬	১৫	০৮

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন-১ শাখায় স্থানান্তর করা হয়েছে।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	Conference of the Asia Pacific Public Electronic Procurement Network স্থান: জর্জিয়া	০৩-০৪ অক্টোবর ২০১৭	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	**একজন** উপসচিব
	২।	‘IMED Monitoring & Reporting Procedure’ স্থান: নীলক্ষেত, ঢাকা	১৫-১৯ অক্টোবর ২০১৭	মন্ত্রিপরিষদ বিভাগ	**দুইজন** ১। সিনিয়র সহকারী সচিব ২। সহকারী প্রধান
	৩।	৮৩তম সিনিয়র স্টাফ (এসএসসি) কোর্স স্থান: সাভার, ঢাকা	১৭ সেপ্টেম্বর ২০১৭ - ৩১ অক্টোবর ২০১৭	মন্ত্রিপরিষদ বিভাগ	**একজন** যুগ্মসচিব
	৪।	১১৬তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন (এসিএডি) কোর্স স্থান: সাভার, ঢাকা	০৬ আগস্ট ২০১৭ - ০৪ অক্টোবর ২০১৭	মন্ত্রিপরিষদ বিভাগ	**একজন** উপসচিব
	৫।	১১৬তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন (এসিএডি) কোর্স স্থান: সাভার, ঢাকা	০৬ আগস্ট ২০১৭ - ০৪ অক্টোবর ২০১৭	মন্ত্রিপরিষদ বিভাগ	**একজন** উপসচিব
দুর্নীতি দমন কমিশন	-	ব্যাংকিং কার্যক্রমরে ওপর প্রশিক্ষণ	০৮-১৯ অক্টোবর ২০১৭	সোনালী ব্যাংক	**২০ জন**

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা:একজন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকানেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি

(১) মন্ত্রিসভার তিনটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয় সভা ছয়টি, সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির একটি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির তিনটি সভা অনুষ্ঠিত হয়।

(২) মন্ত্রিসভা-বৈঠক ২৯টি সিদ্ধান্ত গৃহীত হয় এবং এর মধ্যে ১৭টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। অবশিষ্ট ১২টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত ০৭টি পত্র জারি করা হয়।

(৪) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ ২১ অক্টোবর ২০১৭ তারিখে সরকারি সফরে লন্ডন, যুক্তরাজ্যের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন এবং ২৯ অক্টোবর ২০১৭ তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৫) সংযুক্ত আরব আমিরাত থেকে প্রকাশিত বিশ্বখ্যাত দৈনিক পত্রিকা খালিজ টাইমস-এ রোহিঙ্গা সংকটের প্রতি মানবিক অবদান ও তা নিরসনে সুদূরপ্রসারী পদক্ষেপ গ্রহণের জন্য বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ‘Star of the East’ অভিধায় ভূষিত করা হয়েছে। খ্যাতিমান কলামিস্ট অ্যালান জ্যাকব ২৯ সেপ্টেম্বর ২০১৭ তারিখে ‘শেখ হাসিনা জানেন সহমর্মিতার নৈপুণ্য ’-শীর্ষক লেখাটি উক্ত পত্রিকায় পোস্ট করেন।এই নিবন্ধে তিনি উল্লেখ করেন যে লাখ লাখ রোহিঙ্গার জীবন রক্ষায় সীমান্ত খুলে দিয়ে প্রতিবেশী দেশ মিয়ানমার থেকে পালিয়ে আসা নির্যাতিত বিপন্ন মানুষের প্রতি শেখ হাসিনা যে সহমর্মিতা ও সহানুভূতি দেখিয়েছেন , সে প্রেক্ষাপটে, তাঁর চেয়ে বড় কোন মানবতার উজ্জ্বল নক্ষত্র বর্তমান বৈশ্বিক পরিমণ্ডলে দৃশ্যমান নয় ।১২ সেপ্টেম্বর ২০১৭ তারিখে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কক্সবাজারের উখিয়া উপজেলার কুতুপালং রোহিঙ্গা ক্যাম্প পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রধানমন্ত্রী আবেগঘ ন বিষাদময় পরিবেশে আশ্রয় গ্রহণকারী রোহিঙ্গাদের সঙ্গে আন্তরিক সহানুভূতি, সহমর্মিতা, একাত্মবোধ ও উদারতায় একান্ত সান্নিধ্যে মিলিত হন। প্রধানমন্ত্রীর এই পরিদর্শনের ওপর ধারণকৃত সংবাদ-ভিডিও লন্ডনভিত্তিক আন্তর্জাতিক গণমাধ্যম ‘চ্যানেল ফোর’ কর্তৃক প্রচারিত হয়। চ্যানেল ফোর-এর এশিয়ান করেসপন্ডেন্ট মি. জনাথান মিলার তাঁর প্রতিবেদনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার মমত্ববোধ, মানবিকতা, মহানুভবতা ও উদারনৈতিক মানসিকতার জন্য তাঁকে ‘Mother of Humanity ’ অভিধায় অভিহিত করেন। সুইডিশ ব্যবসায়ী এবং কূটনীতিক Mr. Raoul Gustaf Wallenberg হাঙ্গেরিতে সুইডিশ কনসাল জেনারেল পদে কর্মরত অবস্থায় দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় নাৎসিবাহিনীর হত্যাযজ্ঞের হাত থেকে লক্ষ লক্ষ হাঙ্গেরীয়কে ভিসা প্রদানের মাধ্যমে সুইডেন গমনের সুযোগ করে দিয়ে তাদের জীবনরক্ষার যে অনন্য দৃষ্টান্ত স্থাপন করে গেছেন, তার সঙ্গে জাতিগত নিধনের শিকার রোহিঙ্গা জনগোষ্ঠীর প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার মানবিক ও উদারনৈতিক দৃষ্টিভঙ্গি এবং তাদের জীবনরক্ষায় তৎকর্তৃক গৃহীত সকল কার্যক্রমের তুলনা করেছে ভারতভিত্তিক আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন দৈনিক পত্রিকা The Asian Age। পত্রিকায় প্রকাশিত প্রতিবেদনে এই মর্মে মত প্রকাশ করা হয় যে মানবিকতা ও জনহিতৈষিতার যে বিরল উদাহরণ Mr. Raoul Gustaf Wallenberg এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা সৃষ্টি করেছেন তা ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দর্শন-চিন্তা, বলিষ্ঠ নেতৃত্ব, উন্নয়নমূলক কর্মকাণ্ড ও সুশাসন প্রতিষ্ঠায় তাঁর ঐকান্তিক প্রয়াস সমগ্র বিশ্বে প্রশংসিত ও সমাদৃত হচ্ছে এবং আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন ক্ষেত্রে নেতৃত্ব প্রদানের জন্যও তাঁকে মনোনীত করা হচ্ছে। একের পর এক গুরুত্বপূর্ণ সম্মাননা লাভ আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে আরও সুসংহত করছে। এই ধারাবাহিকতায় খ্যাতিসম্পন্ন দৈনিক পত্রিকা খালিজ টাইমস-এ প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ‘Star of the East’ এবং লন্ডনভিত্তিক আন্তর্জাতিক গণমাধ্যম ‘চ্যানেল ফোর’ কর্তৃক তাঁকে ‘Mother of Humanity ’ অভিধায় ভূষিতকরণ এবং ভারতভিত্তিক দৈনিক পত্রিকা The Asian Age -এ Mr. Raoul Gustaf Wallenberg -এর সঙ্গে তাঁর তুলনীয় হওয়ার মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৬ অক্টোবর ২০১৭ তারিখের বৈঠকে গৃহীত অভিনন্দন প্রস্তাব ১৯ অক্টোবর ২০১৭ তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৬) নোয়াখালী জেলার ট্রলারডুবি সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭) বাংলাদেশে অনুপ্রবেশকারী মিয়ানমারের নাগরিকদের (রোহিঙ্গা) জন্য ত্রাণ সামগ্রী সংগ্রহ ও সরবরাহ সংক্রান্ত বিষয়ে সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৮) আগস্ট ২০১৭ মাসে গ্রাম আদালতসমূহে মামলা নিষ্পত্তি না হওয়ার বিষয়ে কারণ ব্যাখ্যার জন্য জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ, গাজীপুর, নরসিংদী, গোপালগঞ্জ, রাজবাড়ী, সিলেট ও নড়াইল বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯) আগস্ট ২০১৭ মাসে ভোলা জেলার গ্রাম আদালতসমূহে সর্বোচ্চ সংখ্যক মামলা নিষ্পত্তি হওয়ায় ধন্যবাদ জ্ঞাপন পত্র প্রেরণ করা হয়।

(১০) মুন্সীগঞ্জ জেলার সড়ক ও অগ্নি দুর্ঘটনার বিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত পত্র সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(১১) কারাগারে আটক শিশু -কিশোরদের অবস্থার উন্নয়নের লক্ষ্যে গঠিত জাতীয় টাস্কফোর্স কমিটির ২০তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য কান্ট্রি ডিরেক্টর, সেভ দি চিলড্রেন; চিফ, চাইল্ড প্রটেকশন সেকশন, ইউনিসেফ; সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়; সচিব, আইন ও বিচার বিভাগ; নির্বাহী পরিচালক, অপরাজেয় বাংলাদেশ এবং সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১২) গাইবান্ধা জেলার সদর উপজেলাধীন কামারজানি গোঘাট এলাকায় ব্রহ্মপুত্র নদে নৌকাডুবি সংক্রান্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত পত্র সচিব, সুরক্ষা সেবা বিভাগ এবং সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(১৩) বিষাক্ত রাসায়নিক পদার্থ পান করে মৃত্যু সংক্রান্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত পত্র সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(১৪) কারাগারের আটক শিশু-কিশোরদের সেপ্টেম্বর ২০১৭ মাসের পরিসংখ্যান অনুযায়ী মুক্তির লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য জেলা ম্যাজিস্ট্রেট, নাটোর, দিনাজপুর ও পঞ্চগড় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) সিগারেটের চোরাচালান রোধকল্পে নিরোধ কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে জরুরি ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত পত্র সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(১৬) মানবতা বিরোধী অপরাধের মামলার বাদী-সাক্ষীগণকে নিরাপত্তা প্রদান বিষয়ে সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) মিয়ানমার থেকে আগত রোহিঙ্গাদের মানবিক সহায়তা প্রদান সংক্রান্ত পর্যালোচনা সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত পত্র যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, কক্সবাজার এবং বান্দরবান জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(১৮) নেত্রকোণা জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার প্রতিবেদন সংক্রান্ত পত্র যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর প্রেরণ।

(১৯) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় অভিযোগপত্র দাখিল ১৮জন, এফআরটি ১১ জন, সাময়িক বরখাস্তকরণ ০৫ জন, মামলা দায়ের ১৫ জন এবং নথিভুক্তির জন্য ৭৮ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয় এবং ০১ জন কর্মকর্তাকে মহাপরিচালক পদে প্রেষণে দুর্নীতি দমন কমিশনে যোগদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।

(২০) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ০৫জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে সাত জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত এবং ০১ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(২১) বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ, ঢাকা, রংপুর, চট্টগ্রাম, খুলনা, বরিশাল, রাজশাহী ও সিলেট থেকে প্রাপ্ত 'বাংলাদেশ যুব গেমস্ ২০১৮' সংক্রান্ত মতামতের ছায়ালিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চেয়ারম্যান, সেনা ক্রীড়া নিয়ন্ত্রণ বোর্ড, সামরিক প্রশিক্ষণ পরিদপ্তর, সেনা সদর, ঢাকা বরাবর প্রেরণ করা হয়।

(২২) 'বাংলাদেশ যুব গেমস্ ২০১৮'-এর বিষয়ে প্রণীত সাধারণ নির্দেশিকা পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৩) ০৬ সেপ্টেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত 'জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল' সভার কার্যবিবরণীর সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদন ও স্বাক্ষরের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর প্রেরণ করা হয়।

(২৪) মাননীয় প্রধানমন্ত্রীর কর্তৃক অনুমোদিত 'জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কাউন্সিল' সভার মূল কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়।

(২৫) জেলা প্রশাসক কর্তৃক পরিচালিত ব্যাংক হিসাব সংক্রান্ত পত্র জেলা প্রশাসকগণ বরাবর প্রেরণ করা হয়।

(২৬) প্রধান প্রজনন মৌসুমে মা-ইলিশ সংরক্ষণ অভিযান সফল করতে মতবিনিময় সভা আয়োজনের জন্য জেলা প্রশাসকগণকে অনুরোধ করা হয়।

(২৭) জাতীয় নিরাপদ সড়ক দিবস ২০১৭ পালন সংক্রান্ত পত্র সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(২৮) তথ্য অধিকার আইন বাস্তবায়ন জোরদারকরণ সংক্রান্ত পত্র জেলা প্রশাসকগণ বরাবর প্রেরণ করা হয়।

(২৯) যশোর জেলার ভবদহ এলাকায় মৎস্য ঘের স্থাপনের জন্য প্রণীত খসড়া নীতিমালার ওপর মতামত মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

(৩০) প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৭ অনুষ্ঠানে সহায়তা প্রদানের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

(৩১) 'ডিজিটাল বাংলাদেশ' বিনির্মাণের নিমিত্ত .bd ও .বাংলা ডোমেইন নিবন্ধন বাধ্যতামূলক এবং ডায়নামিক ওয়েবসাইট তৈরিকরণ সংক্রান্ত পত্র এ বিভাগের ই-গর্ভনেন্স শাখা এবং সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(৩২) 'স্বর্ণ-কিশোরী জাতীয় কনভেনশন-২০১৭' আয়োজনে সহযোগিতা প্রদানের জন্য সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৩) মেধাবী শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা গ্রহণের পৃষ্ঠপোষকতার নিমিত্ত সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট পত্র প্রেরণ করা হয়।

(৩৪) বাল্যবিবাহ ও জোরপূর্বক বিবাহ সংক্রান্ত তথ্য প্রেরণের জন্য সকল জেলা প্রশাসককে অনুরোধ করা হয়।

(৩৫) খাগড়াছড়ি জেলার প্রাথমিক বিদ্যালয়সমূহে 'সহকারী শিক্ষক' নিয়োগে অনিয়ম সংক্রান্ত পত্র প্রাথমিক ও গণশিক্ষা এবং পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

(৩৬) 'চর উন্নয়ন বোর্ড' গঠনের প্রস্তাব দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং ভূমি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

গ. আগামী (নভেম্বর-ডিসেম্বর) মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৩) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৪) মন্ত্রিসভা কমিটি/পরিষদ/টাস্কফোর্স/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন করা হতে পারে।

(৫) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠিত হতে পারে।

(৬) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠিত হতে পারে।

(৭) মন্ত্রিসভা কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন.পুনর্গঠন করা হতে পারে।

(৮) নিকার-এর সভা অনুষ্ঠান।

(৯) মন্ত্রণালয় ও বিভাগসমূহের ২০১৬-১৭ অর্থ-বছরের কার্যাবলি সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন।

(১০) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার কাটিং-এর ওপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(১১) ১৯৯১ সালে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বৈঠকের সার-সংক্ষেপ (কার্যবিবরণীসহ) এবং বিজ্ঞপ্তির সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আরকাইভসে হস্তান্তরের নিমিত্তে উক্ত দলিলাদির খন্ডসমূহে পৃষ্ঠা-নম্বর প্রদান করা হবে এবং ১৯৯০ সালের খন্ডসমূহ প্রেরণের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হবে।

(মুহাম্মদ আসাদুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd